নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোন কথা বলতেন তখন তা বুঝে নেয়ার জন্য তিনবার বলতেন। আর যখন তিনি কোন গোত্রের নিকট এসে সালাম দিতেন, তাদের প্রতি তিনবার সালাম দিতেন।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোন কথা বলতেন তখন তা বুঝে নেয়ার জন্য তিনবার বলতেন। আর যখন তিনি
কোন গোত্রের নিকট এসে সালাম দিতেন, তাদের প্রতি তিনবার সালাম দিতেন।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

আনাস রাদিয়াল্লাহু ‘আনহুর হাদীসে বলা হয়, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কথা বলতেন তখন তা বুঝে নেয়ার জন্য তিনবার বলতেন। তার বাণী: “যাতে তা বুঝা যায়” এ কথা প্রমাণ করে যে, যদি একাধিকবার বলা ছাড়া বুঝে ফেলে তখন তিনি তা বারবার বলতেন না। কিন্তু যদি মানুষ না বুঝতো যেমন সে অর্থ ভালো জানে না। তখন তার জন্য বারবার বলত যাতে সে বুঝে। অথবা যদি কানে কম শোনে অথবা সেখানে হৈচৈ তখন কথাকে একাধিকবার বলা মুস্তাহাব যাতে সে তোমার থেকে কথা বুঝে নেয়। আর যখন তিনি কোন গোত্রের নিকট এসে সালাম দিতেন, তাদের প্রতি তিনবার সালাম দিতেন। অর্থাৎ তিনবারের বেশি সালাম দিতেন না। একবারই সালাম দিতেন। যখন উত্তর না দিতো দ্বিতীয়বার সালাম দিতেন আর যখন দ্বিতীয়বার উত্তর না দিতেন তখন তিনি তিনবার সালাম দিতেন। অনুরূপভাবে অনুমতির ক্ষেত্রে তিনি তিনবার অনুমতি চাইতেন। যখন কোন মানুষের ঘরে প্রবেশের জন্য তার বাড়ীতে আসতেন তখন তিনি তার দরজায় তিনবার আওয়াজ করতেন। যখন সে উত্তর না দিত ফিরে যেতেন। এটি ছিল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাত তিনি যাবতীয় কর্ম তিনবার করতেন তারপর বিরত থাকতেন।

http://sunnah.global/hadeeth/bn/show/3463